

দৈনিক

আমাদের সময়

মওলানা ভাসানী বিশ্ববিদ্যালয়ে রাষ্ট্রপতি বাংলাদেশ দক্ষিণ এশিয়ার একটি সম্ভাবনাময় দেশ

টাঙ্গাইল প্রতিনিধি •
রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ বলেছেন, বাংলাদেশ দক্ষিণ এশিয়ার মধ্যে একটি সম্ভাবনাময় দেশ। বৈশ্বিক মন্দার নেতিবাচক প্রভাব সত্ত্বেও বিগত বছরগুলোতে বাংলাদেশ প্রবৃদ্ধির দিক দিয়ে অনেকটাই এগিয়ে। বর্তমান সরকার জনগণের জীবনমান উন্নয়নে যে পরিকল্পনা নিয়েছে, তা পূরণ করতে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়গুলো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। গতকাল রোববার বিকালে টাঙ্গাইলের সজ্জায়ে মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে তিনি এ কথা বলেন। রাষ্ট্রপতি আরও বলেন, যারা আমাদের দেশের তরুণদের উগ্র মৌলবাদ, সন্ত্রাসী বা জঙ্গি কার্যক্রমে সম্পৃক্ত করার পেছনে মদদ দিয়ে আসছে, তাদের চিহ্নিত করে সমূলে উৎপাটন করতে হবে। শিক্ষার্থীদের উদ্দেশ্য করে তিনি বলেন, তোমাদের মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ হয়ে দেশ ও জাতি গঠনে অবদান রাখতে হবে।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান, ইমেরিটাস প্রফেসর ড. আলমগীর মোহাম্মদ সিরাজুদ্দীন, মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মো. আলাউদ্দিন